মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) বিকেল ৪টার দিকে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে এ পথসভা ও লিফলেট বিতরণ করেন তারা। পথসভার নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, আনছা-উল -হক, হাফিজুর রহমান হাফি, সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল (আলম), জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চে আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

মুজিবনগরে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহব্বানে মুজিবনগরে শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল বুধবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুরে জেলা ছাত্রদলের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়। জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সদর উপজেলা বিএনপি’র সভাপতি এ্যাড: মারুফ আহমেদ বিজন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শীতবস্ত্র বিতরণ করেন।

এ সময় মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, জেলা ছাত্রদলের প্রচার সম্পাদক রাব্বি, মুজিবনগর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মিলন, রাহুল, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মিঠুন, দারিয়াপুর ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সুমন আহম্মেদ, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের যুগ্ম সম্পাদক রিয়াজসহ জেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় দারিয়াপুর ইউনিয়নের শীতার্থ মানুষের মাঝে ৩০০ পিস কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুরে জেলা বিএনপি’র লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত

রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপির।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে বুধবার (৮ জানুয়ারি) বিকেলে চারটার দিকে শহরের ৩ ও ৪ নং ওয়ার্ডে লিফলেট বিতরণ করেন তারা।

এ সময় জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, দবিরসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌর বিএনপি’র মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ

“জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন” বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ করেছে পৌর বিএনপি।

বুধবার (৮ জানুয়ারি) বিকাল সাড়ে চারটার দিকে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নির্দেশে জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে শহরের কাথুলী বাস স্ট্যান্ডের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুরাতন বাস টার্মিনালে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত পথসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র

সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

তিনি বক্তেব্য বলেন, এখন হাইব্রিডদের মাথা গজিয়েছে। যারা দীর্ঘ ১৭ বছর রাজপথে লড়াই সংগ্রামে অংশ নেয়নি তারা আজকে নকল সোনা সেজেছে। অরজিনাল সোনা আজকে তাদের কোন মূল্যায়ন নেই। হাই হাইব্রিড পাতি নেতাদের কারণে আজ দেশে আওয়ামী লীগের দুষ্কৃতি কর্মীরা মাথাচাড়া দিয়ে উঠেছে।
তিনি আরো বলেন, এখন তাদের এমন ভাব হয়েছে যেন সরকার ক্ষমতায় এসেছে। আমরা বিরোধী দলে ছিলাম, এখনো বিরোধী দলে আছি। ক্ষমতার মালিক জনগণ, ক্ষমতার বড়াই দেখাবেন না। এই ক্ষমতা আর জনগণ পছন্দ করেনা।

পথসভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার লিফলেট বিতরণ করা হয়। এসময় পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আনারুল ইসলাম কালু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনা, সহ-সভাপতি হাজী ফজলু খান, হাবিব ইকবাল, আব্দুস সামাদ, সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ মেহেরপুর জেলা যুবদল,স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ইসলামী ব্যাংকের শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহের হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার সকালে ব্যাংক কার্যালয়ে ৩ শতাধীক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

এ সময় ব্যাংকের ব্যবস্থাপক এটিএম সামসুজ্জামান, এডভোকেট আবদুর রশিদ, এডভোকেট শফিউল আলম, এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ,

হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুস সাত্তার, জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক মশিয়ার রহমান, বিশিষ্ট ব্যবসায়ী মহিউদ্দিন টিটু, দি-বিজনেস স্ট্যান্ডার্ড ও দৈনিক রানার পত্রিকার জেলা প্রতিনিধি বসির আহাম্মেদ সহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে ৩ শতাধীক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়। শীতবস্ত্র পেয়ে অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

মেহেরপুরে জেলা বিএনপির পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার (৭ জানুয়ারি) বিকেল ৪ টার দিকে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নে জেলা বিএনপি’র আয়োজনে এ পথসভা ও লিফলেট বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

কার্যক্রমের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ ও যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, আনছা-উল -হক, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক

আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, দবিরসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে লিফলেট বিতরণ

মেহেরপুরে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে লিফলেট বিতরণের আয়োজন করা হয়েছে।
শনিবার সকালে মেহেরপুরের কাথুলী রোড থেকে এই লিফলেট বিতরণ শুরু করে কোর্ট মোড়ে গিয়ে শেষ হয়।
এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি মীর ফারুক, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাবেক পৌর সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল (আলম), জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান

রোলেক্স, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনি,সহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ডিএপি সার জব্দ করে কৃষকদের মাঝে বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামে অভিযান চালিয়ে ৮৮ বস্তা ডিএপি সার জব্দ করেছে কৃষি অফিস। পরে কৃষকদের মাঝে সরকার নির্ধারিত মূল্যে বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) দুপুরে গাংনী উপজেলার নওপাড়া গ্রামের কৃষক ফিরোজুল ইসলাম ওরফে ইদুর বাড়িতে অভিযান চালিয়ে এ সার জব্দ করা হয়।

গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের নওপাড়া ব্লকের উপ-সহকারি কৃষি অফিসার ফরিদ হোসেন ও সোহেল রানা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে সারগুলো উদ্ধার করেন। এসময় ট্রাক থেকে সারগুলো আনলোড করা হচ্ছিল।

পরে উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার রাসেল রানার তত্বাবধানে জব্দকৃত ডিএপি সার স্থানীয় ৫৩ জন কৃষকের মাঝে সরকারি মূল্যে বিক্রি করা হয়।

উপজেলা কৃষি সস্প্রসারণ অফিসার কৃষিবিদ রাসেল রানা জানান, সারগুলো স্থানীয় ডিলারদের মাধ্যমে মজুদ করা হয়নি। এলাকার কিছু কৃষক পার্শ্ববর্তি জেলা থেকে সারগুলো সংগ্রহ করেছিলেন। যেসব কৃষক সারগুলো সংগ্রহ করেছেন তাদের মাঝেই জব্দকৃত সার বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে দুস্থ নারীদের মাঝে বিনামূল্যে গরুর বাছুর বিতরণ

ঝিনাইদহে নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে দুস্থ, অসহায় ও হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে বকনা গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

গতকাল সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

জাগো’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি।

সেসময় উপস্থিত ছিলেন হরিশংকরপুর ইউনিয়নের সদস্য আব্দুল বারী, সংরক্ষিত নারী আসনের সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরেফিনসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামের ৫ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের ১ দিনের প্রশিক্ষণ প্রদাণ করা হয়। প্রশিক্ষণ প্রদাণ করেন সদর প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: তারেক হাসান মুসা।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল হতে ১৭১ জন শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিউর রহমান, ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৫নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী, সেলিম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

৭০ বছর বয়সী সাহাজান আলী গায়ে কম্বল জড়িয়ে তার অনুভূতি প্রকাশ করে বলেন, এই শীতে হাউলী ইউনিয়ন পরিষদ থেকে একটি কম্বল পেয়েছি, আমার খুবই উপকার হলো। শীতে নতুন কাপড় কেনার মতো সামর্থ্য আমার নেই। সরকারি এই কম্বল টা এবার শীতে আমার কাছে একমাত্র সম্বল।

কম্বল বিতরণ কালে হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী বলেন, গেলো এক সপ্তাহে চুয়াডাঙ্গা জেলায় সত্যপ্রবাহ চলছে, সর্বনিম্ন তাপমাত্রা হয়েছে বেশ কয়েকবার। এটা শীত প্রবন এলাকা, এই প্রথম শীতকালে সঠিক সময়ে শীতবস্ত্র বিতরণ হয়েছে। তবে ইউনিয়নে মানুষের তুলনায় কম্বল যা বরাদ্দ এসেছে তা প্রয়োজনের তুলনায় একেবারেই কম ও অপ্রতুল।

হাউলী ইউনিয়নে মোট ১৭১ জন গরীব অসহায় মানুষের মাঝে প্রধান উপদেষ্টার দেওয়া শীতবস্ত্র কম্বল সুন্দর ভাবে বিতরণ করা হয়েছে।